
# মোজাফফরের আশ্রয়দাতাদের খুঁজে বের করতে হবে: রিজভী




রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যাকাণ্ডে জড়িত মেজর (অব.) মোজাফফর হোসেন দীর্ঘদিন কার কার আশ্রয়ে ছিলেন, তা দ্রুত তদন্ত করে বের করার দাবি জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী।

মঙ্গলবার (২১ জুলাই) সকালে যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাবেক সহসভাপতি মরহুম জাকির হোসেন নান্নুর আত্মার মাগফিরাত কামনায় আয়োজিত দোয়া ও মোনাজাত অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় তিনি এ দাবি জানান।

রিজভী বলেন, মেজর মোজাফফর হোসেন দীর্ঘ ৪৫ বছর কোথায় ছিলেন এবং কীভাবে দেশে ফিরতে পেরেছেন, সেটি খতিয়ে দেখা জরুরি। তার ধারণা, এত দীর্ঘ সময় আত্মগোপনে থাকার পেছনে দেশের বাইরে যেমন তার আশ্রয়দাতা থাকতে পারে, তেমনি দেশের ভেতরেও কেউ তাকে সহযোগিতা করে থাকতে পারেন। এসব বিষয় তদন্তের মাধ্যমে বের করা দরকার বলে মন্তব্য করেন তিনি।

অনুষ্ঠানে রিজভী আরও বলেন, প্রত্যেক মানুষকে নিজের আদর্শ ও বিশ্বাসকে হৃদয়ে চিরন্তন আলোর মতো ধারণ করে এগিয়ে যেতে হবে। তিনি বলেন, মানুষ তার কাজ ও আদর্শের মূল্যায়ন একসময় ফিরে পায়—এটাই পৃথিবীর নিয়ম। এ সময় তিনি বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক উদ্যোগের কথাও তুলে ধরেন।

দেশকে ঘিরে নানা ধরনের ষড়যন্ত্র চলছে উল্লেখ করে বিএনপির এই নেতা সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। একই সঙ্গে কোনো পরিস্থিতিতেই হতাশ না হয়ে ঐক্য ধরে রাখার জন্য সবার প্রতি আহ্বান জানান তিনি।